দৈনিক ইত্তেফাক

APR. 22 2002

তারিখ ...

পৃষ্ঠা ৪ কলাম ৫

# প্রসঙ্গ ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন একটি শিক্ষা প্রতিষ্ঠান। এ বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটবৃন্দ সারা পৃথিবীতে বাংলাদেশের সুনাম বৃদ্ধি করছে। কিন্তু অত্যন্ত দুঃখজনক হলেও সত্যি যে, সাধারণ লোক তো বটেই, এমনকি অনেক উচ্চশিক্ষিত লোকও বিশ্ববিদ্যালয়টির নাম সঠিকভাবে উচ্চারণ করে না। জাতীয় দৈনিকগুলোও বিশ্ববিদ্যালয়টির সঠিক নাম লেখে না। হয়তবা সচেতনতার অভাবেই বা অজ্ঞতাবশত সংবাদ মাধ্যমগুলো বিশ্ববিদ্যালয়টির নাম বিকৃত করে লেখে 'ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়'। বিষয়টি অত্যন্ত দুর্ভাগ্যজনক। আমরা জানি বিগত ১৪ জানুয়ারী মন্ত্রিসভায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তনের সিদ্ধান্ত টেলিভিশনে প্রচারিত হলে লংকাকাণ্ড শুরু হয়ে যায়। তীব্র প্রতিবাদে ফেটে পড়ে ছাত্র-ছাত্রী ও শিক্ষক সমাজ। পুলিশের নির্মম গুলীতে আহত হন বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিয়ষক উপদেষ্টা প্রফেসর ডঃ মোঃ আমিরুল ইসলাম, প্রক্টর ডঃ নজরুল ইসলাম, ডঃ মোঃ আতাউর রহমানসহ অর্ধশত ছাত্র। সরকার অবশ্য পরে টেলিভিশনে প্রচার করে যে, নামকরণ নিয়ে মন্ত্রিসভায় আলোচনাই হয়নি। গত মাসে সরকারীভাবেও 'বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়' নাম বহালের সিদ্ধান্ত প্রকাশিত হয়েছে। অতএব প্রচার মাধ্যমসহ সুধী-সমাজের দৃষ্টি আকর্ষণ করে বলছি, 'বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়' লিখুন। আমার জানা মতে বাংলাদেশে 'ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়' নামে কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই। এটি নিতান্তই কাল্পনিক একটি নাম। এ ব্যাপারে সকলেরই সাবধান হওয়া প্রয়োজন।

**মোহাম্মদ সাজ্জাদ হোসেন,**
৪৩৯, সোহরাওয়ার্দী হল,
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়,
ময়মনসিংহ ২২০২।